# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 19.03.24** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতার গার্ডেনরিচ এলাকায় বেআইনী নির্মীয়মাণ বহুতল ভেঙে মৃতের সংখ্যা এখনও পর্যন্ত ৯। আজ সকালে পৌঁছেছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল।

২) লোকসভা ভোটের আগেই নির্বাচন কমিশনের নির্দেশে রাজ্য পুলিশের মহা নির্দেশক পদে রাজীব কুমারকে সরিয়ে ডিজি হচ্ছেন, আইপিএস আধিকারিক বিবেক সাহায়।

৩) দেশের লোকসভা নির্বাচনের প্রথম দফার ভোটগ্রহণের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি হচ্ছে।

প্রধানমন্ত্রীর বিরুদ্ধে নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের অভিযোগ তুলেছে তৃণমূল কংগ্রেস।

৪) মতুয়া মহা সংঘের দায়িত্বভার চেয়ে কলকাতা হাইকোর্টে মামলা করেছেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

৫) রাজ্য সরকারি কর্মী  ও পেনশন প্রাপকদের স্বাস্থ্য প্রকল্পের সুবিধা দিতে অনলাইনে নাম নথিভুক্তের সময়সামী বাড়ানো হয়েছে।

--------------------------------------------------------------------------------

কলকাতার গার্ডেনরিচ এলাকায় বেআইনী নির্মীয়মাণ বহুতল ভেঙে মৃতের সংখ্যা এখনও পর্যন্ত ৯। আরও দু-তিনজন ধ্বংল স্তুপের নীচে চাপা পড়ে আছেন বলে মনে

করা হচ্ছে। পৌঁছেছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল। আজও সকাল থেকে শুরু হয়েছে তল্লাশি। এই ঘটনায় পুলিশ মহম্মদ ওয়াসিম নামে এক প্রোমোটারকে গ্রেপ্তার করে। খুনের ধারায় মামলা রুজু করা হয়েছে। গত রবিবার মধ্যরাতে ঐ বহুতল ভেঙে পড়ার পর গতকাল সারাদিনে দফায় দফায় মৃতদেহ উদ্ধার হতে থাকে। সকালে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পর বিকেলে ঘটনাস্থল পরিদর্শন করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। যান অ্যান্যান্য বিরোধী দলের নেতৃবৃন্দও। মুখ্যমন্ত্রী সহ মেয়র, সকলেই নির্মাণ টি বেআইনীভাবে হচ্ছিল বলে জানিয়েছএন।

বিরোধী দলনেতা শুভেন্দু ঐ ঘটনায় তদন্তের দাবি করেছেন।

বাইট – (শুভেন্দু)

প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীররঞ্জন চৌধুরী এই ঘটনায় রাজ্যের গাফিলতির পাশাপাশি নির্মাণে নিয়ম মানা হয়নি বলে অভিযোগ করেছেন। বহরমপুরে জেলা কংগ্রেস কার্যালয়ে গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, পরিকল্পিতভাবে কলকাতা শহরকে কংক্রিটের জঙ্গল বানিয়ে হাজার হাজার কোটি টাকা লুঠ করা হয়েছে।

বাইট – (অধীর)

সি পি আই এম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম দাবি করেছেন, তৃণমূল সরকারের আমলেই বে-আইনী নির্মাণ রমরমিয়ে বেড়েছে। তারই ফল এই বিপর্যয়।

এদিকে শাসকদলের রাজ্যসভার সাংসদ শান্তনু সেন বলেছেন, ইতোমধ্যেই এই ঘটনায় যথাযথ ব্যবস্থা নিয়েছএ সরকার। বিক্ষিপ্ত এধরনের কিছু ঘটনা ঘটলে বিরোধীদের উচিত তা নিয়ে রাজনীতি না করা।

বাইট – (শান্তনু)

-------------------------

লোকসভা নির্বাচনের আগেই নির্বাচন কমিশন, রাজ্য পুলিশের ডিজি পদ থেকে রাজীব কুমারকে সরিয়ে দিয়েছে। তাঁর জায়গায় হোমগার্ড বাহিনীর ডিজি পদে থাকা বিবেক সহায়-কে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে ।

গতকাল  স্বরাষ্ট্রমন্ত্রক থেকে বিজ্ঞপ্তি জারীর পর, রাজীব কুমারের জায়গায় নতুন ডিজি হিসেবে তিন আই পি এস অফিসারের নামের তালিকা রাজ্য সরকারের তরফে কমিশনের কাছে পাঠানো হয়। তালিকায় ছিলেন বিবেক সহায়, সঞ্জয় মুখার্জী ও রাজেশ কুমার। তাদের মধ্যে ১৯৮৮ ব্যাচের আই পি এস আধিকারিক বিবেক সহায়-এর নামেই সিলমোহর দেয় কমিশন।

নির্বাচনের সঙ্গে যুক্ত নয়, এমন পদে রাজীব কুমারকে বদলি করতে বলায় তাঁকে তথ্য প্রযুক্তি ও ইলেক্ট্রনিক দফতরের অতিরিক্ত মুখ্য সচিব পদে নিয়োগ করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি এই পদে বহাল থাকবেন বলে রাজ্যের প্রিন্সিপাল সেক্রেটারি পি কে মিশ্র এক নির্দেশিকায় জানান।

উল্লেখ্য, মনোজ মালব্য অবসর নেওয়ার পর গত ডিসেম্বরে রাজ্য পুলিশের মহা নির্দেশক পদে রাজীব কুমারকে নিযুক্ত করেছিল রাজ্য সরকার।

২০১৬-র বিধানসভা নির্বাচনের আগেও তাঁকে পদ থেকে সরানো হয়। ২০১৯-এর লোকসভা ভোট ঘোষণার পর দিল্লিতে ডেপুটেশনে পাঠানো হয়েছিল তাঁকে।

-----------------------------

বিজেপি নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের বলেন, কমিশন সিদ্ধান্ত একদম সঠিক ।

(বাইট- সুকান্ত)

এদিকে, নির্বাচন কমিশন রাজীব কুমারকে সরিয়ে দেওয়ায় তৃণমূল কংগ্রেস তার কড়া সমালোচনা করেছে। দলের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ আজ তৃণমূল ভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, ক্ষমতাসীন বিজেপি সরকার কেন্দ্রীয় এজেন্সিগুলিকে নিজেদের স্বার্থে ব্যবহার করছে। সব এজেন্সি দখল নেওয়ার পর এবার কেন্দ্র নির্বাচন কমিশনের শীর্ষ পদেও নিজেদের লোক বসাতে চাইছে বলে তিনি অভিযোগ করেন।

(বাইট-কুনাল)

-----------------------------

লোকসভা নির্বাচনের প্রথম দফার ভোট গ্রহণের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারির করা হবে। এই দফায় এরাজ্যে কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রে ভোটগ্রহণ। এজন্য আগামীকাল আই আর এস পদমর্যাদার তিন ব্য পর্যবেক্ষক রাজ্যে আসছেন। কোচবিহার কেন্দ্রের জন্য ২০০৭ ব্যাচের সঞ্জয় কুমার, আলিপুরদুয়ার লোকসভা কেন্দ্রের জন্য ২০১৩-র দুর্গেশ সালুনকে দায়িত্ব সামলাবেন। জলপাইগুড়ির ব্যয় পর্যবেক্ষক থাকছেন ঐ ব্যাচেরই আধিকারিক মদন মোহন মীনা।

-----------------------------

আসন্ন লোকসভা নির্বাচন সম্পূর্ণ ভাবে হিংসামুক্ত করতেনির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এজন্য কমিশনের তরফে রাজ্য প্রশাসনকে একগুচ্ছ নির্দেশ দেওয়া হয়েছে। ভোটের দিনক্ষণ ঘোষণার পর সামগ্রিক প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল, রাজ্যের সমস্ত জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারক ও রিটার্নিং অফিসারের সঙ্গে বৈঠকে বসেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। বৈঠকে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি থেকে শুরু করে আদর্শ আচরণ বিধি কার্যকর করার ব্যাপারে আলোচনা হয়েছে বলে জানা গেছে। ভোটে হিংসা কমাতে অতীতে হওয়া লোকসভা বা বিধানসভা নির্বাচনে

যাদের বিরুদ্ধে বুথ দখল, ছাপ্পা ভোটের অভিযোগ এসেছে থানায় তাদের তালিকা তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। এখনও বকেয়া থাকা জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা দ্রুত কার্যকর করার পাশাপাশি বিগত নির্বাচন চলাকালীন যাদের বিরুদ্ধে আইন ভাঙার অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে আগামী ১৫ দিনের মধ্যে তা কমিশনের কাছে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

----------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। সম্প্রতি ভারত সরকারের তরফে এক প্রচার বার্তায় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প তুলে ধরে মানুষকে খোলা চিঠি পাঠানো হয়। ওই বার্তায় প্রধানমন্ত্রীর নেতৃত্বের উল্লেখ রয়েছে। এতেই নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ হয়েছে বলে তৃণমূল কংগ্রেসের দাবি। দলের রাজ্যসভার নেতা ডেরেক ও ব্রায়েনের কমিশনকে পাঠানো চিঠিতে দাবি করা হয়েছে, নির্বাচন কমিশন ভোট ঘোষণার পর ওই বার্তা হোয়াট্সঅ্যাপে ছড়ানো স্পষ্টতই নির্বাচনী আদর্শ বিধি ভঙ্গের উদাহরণ। রাজনৈতিক প্রচারে সরকারি অর্থ এবং পদ ব্যবহার করা সমীচীন নয়। এ ব্যাপারে কমিশন যাতে প্রধানমন্ত্রী এবং বিজেপির বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ করে সংশ্লিষ্ট চিঠিতে সেই দাবি জানানো হয়েছে।

এর আগে প্রধানমন্ত্রী ভোট প্রচারে বায়ুসেনার হেলিকপ্টার ব্যবহার করে বিধি ভঙ্গ করেছেন বলে তৃণমূল কংগ্রেসের তরফে নির্বাচন কমিশনের কাছে আরও একটি অভিযোগ জানানো হয়।

----------------------------

মতুয়া মহাসংঘের দায়িত্ব কার হাতে থাকবে তা নিয়ে বিবাদ এবার আদালত পর্যন্ত গড়িয়েছে। সংঘের দায়িত্ব হাতে চেয়ে কলকাতা হাইকোর্টে মামলা করেছেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। আগামী বুধবার বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে এই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা।

উল্লেখ্য, গাইঘাটার ঠাকুরনগরে মতুয়া ঠাকুরবাড়িতে 'অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘ' নামে দু'টি সংগঠন আছে। একটির সঙ্ঘাধিপতি তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুর। অন্যটির সঙ্ঘাধিপতি বনগাঁর বিদায়ী বিজেপি সাংসদ, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। দু'পক্ষেরই দাবি, আসল অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘ তাঁদেরই।

---------------------------

রাজ্য সরকারি কর্মী ও পেনশন প্রাপকদের স্বাস্থ্য প্রকল্পের সুবিধা দিতে অনলাইনে নাম নথিভুক্তির সময়সীমা বাড়ানো হল। আগে এই সময়সীমা ছিল ৩১ জানুয়ারি। দ্বিতীয় পর্যায়ে ১লা এপ্রিল থেকে আরেকদফা নাম নথিভুক্তকরণের সুযোগ মিলবে বলে অর্থ দফতর নির্দেশিকা জারি করেছে। পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। এখনও অনেকে আবেদন করে উঠতে না পারায় এই সিদ্ধান্ত। সরকারি স্বাস্থ্য প্রকল্প থেকে যাঁরা পরবর্তীকালে বেরিয়ে এসেছিলেন, তাঁরা নতুন করে পয়লা এপ্রিল থেকে ২০২৫-এর ৩১ শে মার্চ পর্যন্ত অনলাইনে নাম নথিভুক্ত করতে পারবেন। স্বাস্থ্য প্রকল্পে নথিভুক্ত কর্মীদের মধ্যে যাঁদের কাছে ম্যানুয়াল কার্ড আছে, তাঁদের নাম অনলাইনে ফের নথিভুক্ত করে ডিজিটাল সার্টিফিকেট নিতে বলা হয়েছে। এজন্য আগামী বছরের ৩১শে মার্চ পর্যন্ত সময় দেওয়া হয়েছে। ডিজিটাল সার্টিফিকেটে ওই সময়ের মধ্যে আধার নম্বরও দিতে হবে।

---------------------------

উত্তর ২৪ পরগণার গোবরডাঙ্গার জামদানি এলাকা থেকে বেআইনিভাবে এদেশে প্রবেশের অভিযোগে বাংলাদেশের এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশের STF। খুলনা এলাকার সাতক্ষীরার বাসিন্দা ৪৬ বছর বয়সী প্রাননাথ দাসকে গতকাল বারাসাত আদালত তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক।

-----------------------------

ঝাড়খন্ড থেকে দক্ষিণ ছত্তিশগড় পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আকাশ মেঘলা। মাঝে মাঝে বৃষ্টিও হচ্ছে। দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সঙ্গে ঘন্টায় ৪৫ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যাওয়ার পূর্বাভাসও দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আজ ও আগামীকাল বেশ কয়েকটি জেলায় ঝড়বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, ঝড়বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়, স্বাভাবিকের ৫ ডিগ্রী নীচে নেমে ২৯ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা অবশ্য স্বাভাবিকের এক ডিগ্রী ওপরে ২৪ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

----------------------------- -----------------------------